“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”

জাতীয় সম্পদ গ্যাসের
অপচয় রোধ করে

জাতীয় দায়িত্ব পালন করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন
(পেট্রোবাংলা)
ভিজিলেন্স ডিপার্টমেন্ট

পেট্রোবাংলার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অর্ধবার্ষিক মূল্যায়ন (জুলাই-ডিসেম্বর/২০২৩) সংক্রান্ত সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ফারহানা শাওন<br>মহাব্যবস্থাপক (অনুসন্ধান), পেট্রোবাংলা |
| সভার তারিখ | ০৫/০২/২০২৪ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন (জুম প্লাটফর্ম) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, পেট্রোবাংলার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অর্ধবার্ষিক মূল্যায়ন (জুলাই-ডিসেম্বর/২০২৩) সংক্রান্ত সভা আহ্বান করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে মর্মে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে জানানো হয়েছে। সে পরিপ্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন ১৩টি কোম্পানির সমন্বয়ে অর্ধবার্ষিক মূল্যায়ন (জুলাই-ডিসেম্বর/২০২৩) সংক্রান্ত সভা আহ্বান করা হয়েছে। সভায় পেট্রোবাংলার আওতাধীন ১৩টি কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা অনুযায়ী অর্ধবার্ষিক মূল্যায়ন (জুলাই-ডিসেম্বর/২০২৩) অগ্রগতি নিয়ে আলোচনা হয়।

২। সভার এ পর্যায়ে পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব জনান যে, পেট্রোবাংলার আওতাধীন ১৩টি কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ১ম ও ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) পর্যালোচনান্তে কিছু ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হয়েছে। ত্রুটি-বিচ্যুতিসমূহ আলোচনার পর সভাপতি সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি যত্নবান হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন:

(ক) সেবা প্রদানের সময়সীমার ক্ষেত্রে দিন/মাসের পরিবর্তে কার্যদিবস উল্লেখ করতে হবে;

(খ) সেবা প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উর্ধ্বতন কর্মকর্তা, অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তার নাম (প্রযোজ্য ক্ষেত্রে), পদবি, মোবাইল নম্বর, ই-মেইল, প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা গাইড লাইন অনুযায়ী সংযোজন করতে হবে;

(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিচ্ছিন্নভাবে না সাজিয়ে মন্ত্রিপরিষদ বিভাগের গাইড লাইন অনুযায়ী ধারাবাহিকভাবে সাজিয়ে প্রদর্শন করতে হবে;

(ঘ) কর্মপরিকল্পনার প্রমাণক হিসেবে জারীকৃত অফিস আদেশ/সরকারি পত্র সাদা A-4 সাইজের কাগজে কম্পোজ না করে স্ব স্ব

কোম্পানির অফিসিয়াল প্যাডে কম্পোজ করে জারী করতে হবে;

(ঙ) অনলাইনে প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের ক্ষেত্রে যে স্ক্রীনশর্ট নেয়া হয় তা যেন অস্পষ্ট না হয় সেদিকে খেয়াল রাখতে হবে;

(চ) ইন-হাউজ প্রশিক্ষণের ক্ষেত্রে কোন প্রশিক্ষণার্থী অনুপস্থিত থাকলে হাজিরা প্রতিবেদনে তার স্বাক্ষরের জায়গা খালি না রেখে অনুপস্থিত/ছুটিতে/দাপ্তরিক কাজে বাহিরে ইত্যাদি লিখে প্রেরণ করতে হবে;

(ছ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠেয় সভার কার্যবিবরণীতে স্টেকহোল্ডারগণের বক্তব্য উল্লেখ করতঃ এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ পূর্বক সংশ্লিষ্ট বিভাগ/ডিপার্টমেন্ট/শাখায় প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(জ) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের সমর্থনে জারীকৃত অফিস আদেশ/সরকারি পত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড ও প্রকাশ্যে প্রদর্শনের বিষয় উল্লেখ করতে হবে এবং ওয়েবলিংক দিতে হবে;

(ঝ) সংস্থার আওতাধীন ১৩টি কোম্পানির **সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদ নিশ্চিতকরণের লক্ষ্যে পেট্রোবাংলার সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে;**

(ঞ) ত্রৈমাসিক ভিত্তিতে প্রেরিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন চেয়ারম্যান, পেট্রোবাংলা বরাবর প্রেরণ করতে হবে।

৩। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্তের বিবরণ | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | **মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;** | সংস্থার আওতাধীন ১৩টি কোম্পানি |
| ২. | অত্র কার্যবিবরণীর অনুচ্ছেদ (২) এর (ক)-(ঞ) এ যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। | সংস্থার আওতাধীন ১৩টি কোম্পানি |

৪। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

F. Shaon

ফারহানা শাওন
মহাব্যবস্থাপক (অনুসন্ধান), পেট্রোবাংলা

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০০২.৩৭.০০১.২৩.১২

তারিখ: ২৯ মাঘ ১৪৩০
১২ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ:

১) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

২) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৪) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৫) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৬) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

৭) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

৮) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৯) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

১০) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

১১) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

১২) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৩) ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

১৪) ব্যবস্থাপক, ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

১৫) ব্যবস্থাপক (ডেস্ক), অনুসন্ধান বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

১৬) ব্যবস্থাপক, এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

১৭) সহকারী ব্যবস্থাপক, তহবিল ও বীমা শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

F. Shaon

ফারহানা শাওন

মহাব্যবস্থাপক (অনুসন্ধান)